



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং: সাস্ট/ পিআর/০৩

তারিখ: ৫ ফেব্রুয়ারি, ২০১৯

প্রেসবিজ্ঞপ্তি

শাহজালাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন

আজ ০৫ ফেব্রুয়ারি 'গ্রন্থাগারে বই পড়ি, আলোকিত জীবন গড়ি' এই প্রতিপাদ্য নিয়ে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সাড়ম্বরে সরকার ঘোষিত জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৯ উদযাপন করা হয়। এ উপলক্ষে গ্রন্থাগার ভবন সুসজ্জিত করা হয় এবং রাতে আলোক বিচ্ছুরণের ব্যবস্থা করা হয়।

সকাল ১০:৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদেরকে নিয়ে এক বর্ণাঢ্য রীা লি অনুষ্ঠিত হয়। গ্রন্থাগার ও গ্রন্থ বিষয়ক বিভিন্ন স্লোগান সম্বলিত সুদৃশ্য প্ল্যাকার্ড এবং জাতীয় গ্রন্থাগার দিবসের লগো সম্বলিত ক্যাপ মাথায় দিয়ে চমৎকার ব্যানার নিয়ে রীা লিটি গ্রন্থাগার ভবনের সামনে থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে গ্রন্থাগার ভবনের সামনে এসে শেষ হয়। রীা লিতে অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমেদ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিনবৃন্দ, বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানবৃন্দ, জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন কমিটির সদস্যবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ।

অতঃপর রীা লি পরবর্তী সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করা হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ প্রধান অতিথির বক্তব্যে এ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের আধুনিক সুযোগ-সুবিধা ও ইলেক্ট্রনিক রিসোর্স ব্যবহার বৃদ্ধিতে তার সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান পূর্বক শিক্ষক-শিক্ষার্থীদেরকে লাইব্রেরি রিসোর্স অধিক ব্যবহারের আহ্বান জানান। তিনি গ্রন্থাগারের ইলেক্ট্রনিক রিসোর্স এর জন্য গ্রন্থাগারের বাজেট বৃদ্ধির বিষয়েও ঘোষণা দেন। তিনি এসময় উল্লেখ করেন যে, এ বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারের উন্নত সেবা ও ইলেক্ট্রনিক রিসোর্সের যথাযথ ব্যবহারের ফলেই এ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান জনাব মো. আব্দুল হাই ছামেনী জাতিসংঘের ডিজিটাল এক্সেস টু রিসোর্স প্রোগ্রামের কাফ্রি ফোকাল পয়েন্ট নির্বাচিত হয়ে জেনেভাবে অনুষ্ঠিত কর্মশালায় অংশগ্রহণ করেন এবং তিনি তার অর্জিত জ্ঞান কাজে লাগাচ্ছেন।

বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস তার বক্তব্যে গ্রন্থ ও গ্রন্থাগারের গুরুত্ব তুলে ধরে জ্ঞানার্জনের জন্য গ্রন্থাগার ব্যবহারের অপরিহার্যতার বিষয় উল্লেখ করেন।

বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান জনাব মো. আব্দুল হাই ছামেনী রীা লিতে উপস্থিত সকলের উদ্দেশে স্বাগত বক্তব্য প্রদান করেন। তিনি তার বক্তব্যে প্রধান অতিথি, বিশেষ অতিথি, জাতীয় গ্রন্থাগার দিবস-২০১৯ উদযাপন কমিটি, উপস্থিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদেরকে রীা লিতে অংশগ্রহণের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি সকলের উদ্দেশে গ্রন্থাগারের আধুনিক সুযোগ-সুবিধার কথা উল্লেখপূর্বক বেশি করে গ্রন্থাগার ব্যবহারের আহ্বান জানান।

জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মোছাদ্দেক আহমদ চৌধুরী রীা লিতে উপস্থিত প্রধান অতিথি, বিশেষ অতিথি, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দকে স্বতঃস্ফূর্তভাবে রীা লিতে অংশগ্রহণের জন্যে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

রেজিস্ট্রার

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)